সংবাদ

তারিখ ... NOV 11 2006 ... ...
পৃষ্ঠা ৯ কলাম ৬ ......

রাবি ফের উত্তপ্ত

# শিক্ষকরা আন্দোলনে যাচ্ছেন আজ থেকে : কাল ১৪ দলের ঘেরাও

নিজস্ব বার্তা পরিবেশক

উপাচার্য প্রফেসর আলতাফ হোসেনের পদত্যাগ ও গণনিয়োগ বাতিলের দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয় ফের উত্তপ্ত হচ্ছে। মুক্তিযুদ্ধের চেতনা ও বাঙালি-জাতীয়তাবাদে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ আজ শনিবার থেকে আন্দোলনে যাচ্ছে। আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে শিক্ষক সমাজ আজ সকাল ৯টা থেকে রাবি সিনেট ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করবে। অন্যদিকে চার দফা বাস্তবায়নের দাবিতে রাজশাহীর ১৪ দল নেতারা আগামীকাল রোববার রাজশাহী বিশ্ববিদ্যালয় ঘেরাও করবে। মহানগরীতে ১৪ দল আয়োজিত এক সমাবেশ থেকে নেতৃবৃন্দ এ ঘোষণা দেন।

এদিকে আজ শনিবারের মধ্যে চলমান গণনিয়োগ প্রক্রিয়া বাতিল করা না হলে আগামী ৩ ডিসেম্বর থেকে অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করা থেকে বিরত থাকাসহ কঠোর আন্দোলন কর্মসূচি ঘোষণার হুমকি দিয়েছে শিক্ষক সমাজ।

জানা গেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চলমান গণনিয়োগ এবং দলীয়করণ বাতিল ও বন্ধের দাবিতে প্রগতিশীল শিক্ষক সমাজের অর্ধশত শিক্ষকের একটি প্রতিনিধি দল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে উপাচার্য প্রফেসর আলতাফ হোসেনের সঙ্গে সাক্ষাতের জন্য তার কার্যালয়ে যায়; কিন্তু উপাচার্যকে না পেয়ে শিক্ষকরা ফিরে আসতে বাধ্য হন। এ সময় প্রগতিশীল শিক্ষক সমাজের আহ্বায়ক প্রফেসর আবদুস সোবহান মোবাইলে উপাচার্যকে শিক্ষকদের দাবির কথা জানান। উপাচার্য তাকে সাফ জানিয়ে দেন, তার একার পক্ষে চলমান নিয়োগ প্রক্রিয়া বন্ধ করা সম্ভব নয়। এ পর্যায়ে শিক্ষকরা আজকের অবস্থান ধর্মঘট কর্মসূচি ঘোষণা করেন।

সূত্র জানায়, শিক্ষক প্রতিনিধিদলের আগমনের খবর উপাচার্য আগে থেকেই অবহিত ছিলেন। বিষয়টি নিয়ে তিনি সরকারি গোয়েন্দা সংস্থা এবং দলীয় শিক্ষকদের সঙ্গেও পরামর্শ করেন। সে অনুযায়ী শিক্ষকদের প্রতিনিধিদল পৌঁছার আগেই উপাচার্য তার কার্যালয় ছেড়ে বাইরে অবস্থান নেন। তবে উপাচার্য প্রফেসর আলতাফ হোসেন সাংবাদিকদের জানান,